ফরয সালাতসমূহের মতো বিতিরের সালাত আবশ্যক নয়। তবে সুন্নাত রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তা সুন্নাত করেছেন।

আলী রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন: “ফরয সালাতসমূহের মতো বিতিরের সালাত আবশ্যক নয়। তবে সুন্নাত রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তা সুন্নাত করেছেন”।
[সহীহ] [এটি ইবন মাজাহ বর্ণনা করেছেন। - এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি নাসাঈ বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

“বিতির আত্যাবশ্যক নয়” এ হাদীসটির অর্থ হলো: বিতিরের সালাত ওয়াজিব নয়। অন্যান্য ফরয সালাতের মতো। অর্থাৎ পাঁচ ওয়াক্ত সালাতের মতো। তবে সুন্নাত রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তা সুন্নাত করেছেন। এটি অত্যাবশ্যক নয় কথার তাকীদ। সুতরাং বিতিবেরর সালাত মুস্তাহাব ও নফল। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তা সুন্নাত করেছেন। অর্থাৎ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের জন্য বিতির সুন্নাত করেছেন আমাদের ওপর ওয়াজিব করেননি। তাসহীলুল ইলমাম (২/৩৭১)

https://www.sunnah.global/hadeeth/bn/show/11263